দৈনিক সংবাদ 14

তারিখ 03 AUG 1995
পৃষ্ঠা 7 কলাম 7

সমীক্ষার তথ্য

# শিক্ষা অফিসাররা কাজের জায়গা বদল চান না

।। অর্থনৈতিক বার্তা পরিবেশক ।।

থানা শিক্ষা অফিসার (টিইও) এবং সহকারী থানা শিক্ষা অফিসারদের (এটিইও) উপর পরিচালিত এক সমীক্ষার ফলাফল উপস্থাপন করে

সমীক্ষা ঃ পৃঃ ৮ কঃ ৬

## সমীক্ষা ঃ তথ্য

(১ম পৃষ্ঠার পর)

মার্কিন যুক্তরাষ্ট্রের দি পেনসিলভেনিয়া স্টেট ইউনিভার্সিটির স্কুল অফ বিজনেসের সহযোগী অধ্যাপক ডঃ সৈয়দ সাদ আন্দালিব বলেছেন, শিক্ষা অফিসারদের কাজের সন্তুষ্টির সঙ্গে পদোন্নতির একটি নেতিবাচক সম্পর্ক রয়েছে। এই অফিসাররা কর্মক্ষেত্রে বিভিন্ন দিক থেকে এমন একটি অবস্থান তৈরি করেছে যে তারা পদোন্নতি পেয়ে অন্যত্র যেতে চান না। তারা মনে করেন পদোন্নতি পেয়ে অন্য জায়গায় চলে গেলে কাজের সন্তুষ্টি থাকবে না।

গতকাল বুধবার সেন্টার ফর ডেভেলপমেন্ট রিসার্চ বাংলাদেশের (সিডিআরবি) উদ্যোগে আয়োজিত শিক্ষা বিস্তার কর্মীদের অঙ্গীকার ও কাজে সন্তুষ্টি শীর্ষক সেমিনারে প্রধান বক্তা হিসেবে তিনি একথা বলেন। আমেরিকান ইন্সটিটিউট অফ বাংলাদেশ স্টাডিজের (এআইবিএস) সহযোগিতায় উইমেন ভলান্টারি এসোসিয়েশন মিলনায়তনে এই সেমিনার অনুষ্ঠিত হয়। সিডিআরডি'র চেয়ারম্যান ডঃ মিজানুর রহমান শেলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সেমিনারে আরো বক্তব্য রাখেন সাবেক শিক্ষা সচিব কাজী ফজলুর রহমান, স্বনির্ভর বাংলাদেশের সালাউদ্দিন আহমেদ, ডঃ ওয়াহিদ জামান, ফরহাদ আনোয়ার, নূরুল ইসলাম খান এবং জিএম চৌধুরী।

ডঃ সৈয়দ সাদ আন্দালিব জানান, তিনি ১১১ জন থানা শিক্ষা অফিসার এবং ৮৫ জন সহকারী থানা শিক্ষা অফিসারের ওপর নির্দিষ্ট প্রশ্নের ভিত্তিতে এই সমীক্ষাটি চালিয়েছেন। তবে সেমিনারে উপস্থাপিত সমীক্ষার ফলাফল প্রাথমিক ফলাফল।

তিনি জানান, সমীক্ষায় অংশগ্রহণকারী অধিকাংশই বলেছে কাজের প্রতি তাদের অঙ্গীকার রয়েছে এবং কাজে সন্তুষ্টিও তাদের রয়েছে।

কাজী ফজলুর রহমান আলোচনায় অংশ নিয়ে বলেন, শিক্ষা অফিসাররা নিজেরা বলেছে তারা অঙ্গীকারবদ্ধ। কিন্তু যারা সেবা সুবিধা নিচ্ছে তারাও একথা মনে করে কিনা সেটাই বের করা উচিত।

সালাউদ্দিন আহমেদ বলেন, সমীক্ষার ফলাফলে বাস্তবতার অভাব রয়েছে। কেননা দেখা গেছে, এই ধরনের সমীক্ষায় অংশগ্রহণকারীরা সত্যি কথা বলে না।

আলোচনায় অংশগ্রহণ করে অন্যান্য বক্তারা বলেন, অনেক শিক্ষা অফিসার দুর্নীতির সঙ্গে জড়িত। এ সম্বন্ধে সমীক্ষায় বিস্তারিতভাবে আলোচনা করা প্রয়োজন।